

প্রেস রিলিজ

২৩ নভেম্বর ২০২৫

বাউবির ঝুঁকিপূর্ণ পুরাতন ভবন খালি করার নির্দেশ: শিক্ষার্থীদের রুম ত্যাগ ও অফিস কার্যক্রম স্থানান্তরের ঘোষণা

সাম্প্রতিক সময়ে দেশে বারবার ভূমিকম্প অনুভূত হওয়া এবং যেকোনো মুহূর্তে বড় ধরনের কম্পনের আশঙ্কা বিবেচনায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) প্রশাসন পুরাতন ভবনগুলোর নিরাপত্তা মূল্যায়নে জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে আজ সকালে ভূমিকম্প ঝুঁকি হ্রাস ও তৎক্ষণিক করণীয় বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর সভাপতিত্বে এক জরুরী বৈঠক অনুষ্ঠিত হয়। বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিনাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম, বিশ্ববিদ্যালয় কারিগরি কমিটির সদস্যবৃন্দ, সকল ডিন, পরিচালক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ বৈঠকে অংশ নেন। বৈঠক শেষে উপাচার্য ও কমিটির সদস্যরা বহু বছর আগে নির্মিত গাজীপুর ক্যাম্পাসের পুরাতন ডরমেটরি ভবনসমূহ এবং শিক্ষক-কর্মকর্তাদের আবাসিক ভবন (সি-২) সরেজমিন পরিদর্শন করেন।

পরিদর্শনে ভবনগুলোর নাজুক অবস্থা এবং সেখানে অবস্থানরত শিক্ষার্থীদের সম্মান্য জীবনঝুঁকি চিহ্নিত হয়। পরিস্থিতির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জরুরি ভিত্তিতে কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করে। ঝুঁকিপূর্ণ এসব ভবনে অবস্থানরত শিক্ষার্থীদের আজকের মধ্যেই ভবন ত্যাগের নির্দেশ প্রদান করা হয়েছে, যাতে সম্মান্য দুর্ঘটনা এড়ানো যায়। পাশাপাশি ডরমেটরি ভবনে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল শাখা এবং পরীক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম অবিলম্বে নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তদের নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এর আগে বিশ্ববিদ্যালয়ের কারিগরি কমিটি ভবনগুলোকে ব্যবহারের অনুপযোগী হিসেবে পরিত্যক্ত ঘোষণা করেছিল।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)